**New Syllabus**

# Diamond Harbour Women's University

**M.A. 1st Year 1st Semester Examination 2023**

**Subject: Bengali**

**Paper Code: BEN/CC/4101**

সাধারণ ভাষাবিজ্ঞান

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১. ক) ভারতীয় ভাষার ক্ষেত্রে ইন্দো-ইউরোপীয় শাখার গুরুত্ব কতখানি তা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

খ) উপভাষা ও সমাজভাষার মধ্যে পার্থক্য কোথায়? প্রয়োগমূলক সমাজভাষাবিজ্ঞান বলতে তুমি কী বোঝ, উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ৫ + ৫ = ১০

২. ক) 'ষষ্ঠ' শব্দের দুটি 'ষ'-র উচ্চারণ ঠিক কীরকম? বাংলা ধ্বনিতত্ত্ব অনুযায়ী 'ষ' দুটিকে কীভাবে ব্যাখ্যা করা সম্ভব? 'ষষ্ঠ' শব্দের 'ষ' দুটি উচ্চারণের দিক থেকে স্বন নাকি স্বনিম, যুক্তিসহ লেখো। প্রসঙ্গত স্বন ও স্বনিমের পার্থক্য বুঝিয়ে দাও।

২ + ৩ +২ + ৩ = ১০

অথবা

খ) বাংলা ধ্বনিতত্ত্ব অনুযায়ী উচ্চারণগতভাবে 'জ্ঞানত' শব্দে কটি স্বরধ্বনি আছে ও কী কী? ঠোঁটের উন্মুক্তি অনুযায়ী সেই স্বরধ্বনিগুলির বৈশিষ্ট্য সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫ + ৫ = ১০

অথবা

গ) যৌগিক স্বর বলতে কী বোঝায়? 'অএ', 'অও', 'ইও' – ব্যবহার করে যৌগিক স্বর-যুক্ত শব্দ কি হতে পারে – দুটি উদাহরণ-সহ, যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪ + ৬ = ১০

৩. ক) রূপতত্ত্বগতভাবে বাংলা শব্দের গঠনের ক্ষেত্রে মুক্ত ও বদ্ধরূপ ব্যবহারের প্যাটার্নগুলি কত রকমের হতে পারে, উদাহরণ দিয়ে সংক্ষেপে লেখো। ৫

অথবা

খ) নীচের যেকোনো দুটি শব্দের রূপ নির্ণয় করো ২.৫ x ২ = ৫

বাতাস, স্বাধীন, আবিষ্কার, যাওয়া, অর্থের, কন্যা

৪। IPA লিপ্যন্তর করো (যেকোনো একটি) - ৫ x ১ = ৫

ক) “করালীস্যারের পর অবনীবাবুর ট্রান্সলেশন ক্লাস। তিনি ইংরিজি করতে দিলেন ‘কুল খাইয়া রমেনের দাঁত টকিয়া গিয়াছে’। ‘ভবানী পাঠক তো সোজা পাত্র নয়, সে ভালর ভাল মন্দের যম’। ‘এই সেই জনস্থান-মধ্যবর্তী প্রস্রবণ গিরি, ইহার শিখরদেশ সতত সঞ্চরমান জলধরপটল সংযোগে নিরন্তর নিবিড় নীলিমায় সমাচ্ছন্ন’ ... ইত্যাদি।

সবাই কলম কামড়াচ্ছে।”

অথবা

খ) “ দূত। আজ্ঞে, আমি ছান টান করেই পুঁইশাক চচ্চড়ি আর কুমড়ো ছেঁচকি দিয়ে চাট্টি ভাত খেয়েই অমনি বেরিয়েছি – অবিশ্যি আজকে পাঁজিতে কুষ্মাণ্ড ভক্ষণ নিষেধ লিখেছিল, কিন্তু কি হল জানেন? আমার কুমড়োটা পচে যাচ্ছিল কিনা –

সকলে । বাজে বকিসনে – কাজের কথা বল্।

দূত। হ্যাঁ - হ্যাঁ – খেয়ে উঠেই ঘন্টা দু-তিন জিরিয়ে সেখানে গিয়ে দেখি খুব ঢাক-ঢোল বাজছে – ধ্যা র‍্যা র‍্যা র‍্যা র‍্যা র‍্যা -- ধ্যা র‍্যা র‍্যা র‍্যা -- ধ্যার‍্যা.....”

৫. ক) অ-মৌলিক বাক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

অথবা

খ) প্রশ্নবোধক বাক্য কত রকমের হতে পারে তা উদাহরণ দিয়ে দেখাও। ১০

অথবা

গ) অব্যবহিত উপাদানের গঠন কাকে বলে? বাংলা ভাষার উদাহরণ দিয়ে এই গঠন বিশ্লেষণের পদ্ধতিটি ব্যাখ্যা করো। ১০

**New Syllabus**

# Diamond Harbour Women's University

**M.A. 1st Year 1st Semester Examination 2023**

**Subject: Bengali**

**Paper Code: BEN/CC/4102**

প্রাচীন ও মধ্যযুগ: বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। ক) প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পড়ার ক্ষেত্রে প্রাচীন যুগের বঙ্গদেশে রচিত সংস্কৃত ও প্রাকৃত রচনাগুলি সম্পর্কে ওয়াকিবহাল থাকা কি জরুরি? প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ১০

অথবা

খ) বাংলা সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণকে কেন্দ্র করে 'অন্ধকার যুগ' এর ধারণা আসলে ইউরোপীয় ইতিহাসতত্ত্বের ত্রিস্তরীয় যুগবিভাগের অনুসরণ। বাংলা সাহিত্যের ইতিহাসের ক্ষেত্রে তুর্কি আক্রমণ কেন্দ্রিক এই 'অন্ধকার যুগ' এর ধারণা আদৌ কতখানি সংগত তা যুক্তিসহ পর্যালোচনা করো। ১০

২। ক) আধুনিক মূলানুগ অনুবাদের ধারণা মধ্যযুগের বাংলা সাহিত্যে দেখা যায় না। এদিক থেকে মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্যের ধারাটি 'প্রতিগ্রহণ' নির্ভর বলাই শ্রেয়—মন্তব্যটিকে তুমি কীভাবে পড়তে চাইবে? ১০

অথবা

খ) 'প্রধান' মঙ্গলকাব্য ও 'অপ্রধান' মঙ্গলকাব্যের বিভাজনের যুক্তিগুলি কী কী? মনসামঙ্গল কাব্যধারাকে কি 'প্রধান' মঙ্গলকাব্য হিসাবে দেখা যায়? আলোচনা করো। ৩+৭=১০

৩। ক) চৈতন্যদেব পরবর্তী বাংলা বৈষ্ণব পদাবলির ক্ষেত্রে চৌষট্টি রসের শ্রেণিবিভাগের তাৎপর্যগুলি লেখো। ১০

অথবা

খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রাসঙ্গিক দৃষ্টান্ত উল্লেখ করে হিন্দু-মুসলমানের যুক্ত সাধনার প্রবণতাগুলি জানাও। ১০

৪। ক) আরাকান রাজসভার বাংলা সাহিত্যকে কি তুমি 'রোমান্টিক প্রণয়মূলক আখ্যান' হিসাবে দেখতে চাইবে? তোমার মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পড়ার নিরিখে যুক্তিসহ উত্তর দাও। ১০

অথবা

খ) মধ্যযুগের বঙ্গদেশে বর্ণজাতিপ্রথার বিরোধিতার ইতিহাস বোঝার জন্য বাউল গানের পাঠ জরুরি—এই বিষয়ে তোমার ভাবনা সংক্ষেপে উপস্থাপন করো। ১০

**New Syllabus**

# Diamond Harbour Women's University

**M.A. 1st Year 1st Semester Examination 2023**

**Subject: Bengali**

**Paper Code: BEN/CC/4103**

প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। হরপ্রসাদ শাস্ত্রী সংকলিত চর্যাগানের ক্ষেত্রে 'সন্ধ্যাভাষা' বলতে কী বোঝানো হয়েছে? উপযুক্ত উদাহরণের মাধ্যমে বিষয়টি কোথায় সাংকেতিক ভাষার থেকে আলাদা তা বুঝিয়ে দাও। ১০

অথবা

২। নিম্নলিখিত চর্যাগানের অংশটি তুমি কীভাবে ব্যাখ্যা করবে— ১০

আলে গুরু উএসই সীস।
বাক্‌পথাতীত কাহিব কীস।।
যে তই বোলো তেতবি টাল।
গুরু বোব সে সীস কাল।।

৩। আকাঙ্ক্ষার উন্মেষ আর আকাঙ্ক্ষা পরিসমাপ্তির কাঠামো দিয়ে বিচার করলে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অনেকগুলি কাব্যের সংকলন।—এ বিষয়টি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

অথবা

৪। 'বড়ায়ী'-কে অনেক সমালোচক কুটনী জাতীয় চরিত্র হিসেবে দেখেন। তুমি কি এই মত সমর্থন করো? যদি না করো তবে তোমার মত যুক্তি দিয়ে প্রতিষ্ঠিত করো। ১০

৫। কৃষ্ণদাস কবিরাজের 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কীভাবে বঙ্গদেশ এবং বৃন্দাবনের বৈষ্ণব ভাবনায় সমন্বয় সাধন করেছে? উপযুক্ত উদাহরণের সাহায্যে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

অথবা

৬। গৌড়ীয় বৈষ্ণব মতে ভক্তিদর্শনের বৈশিষ্ট্যের সাপেক্ষে নিম্নোদ্ধৃত পদটি তুমি কীভাবে পড়বে— ১০

অরসজ্ঞ কাক চুষে জ্ঞান-নিম্বফলে।
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্রমুকুলে।।

৭। 'অন্নদামঙ্গল' কাব্যটি কীভাবে 'নূতন মঙ্গল' হয়ে উঠেছে সেই বিষয়টি বিশ্লেষণ করো। ১০

অথবা

৮। 'মানসিংহ'-এর 'রন্ধন' অংশটি কেন গুরুত্বপূর্ণ তা আলোচনা করো। ১০

----------------

**New Syllabus**

# Diamond Harbour Women's University

**M.A. 1st Year 1st Semester Examination 2023**

**Subject: Bengali**

**Paper Code: BEN/CC/4104**

**বাংলা কাব্য কবিতা পর্ব-১**

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১. 'বীরাঙ্গনা' পত্রকাব্য না ড্রামাটিক মনোলগ? তুমি কী মনে করো যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১০

অথবা

২. 'সোমের প্রতি তারা' পত্র কবিতায় ট্র্যাজেডির উপাদান থাকলেও তারার চরিত্রে 'বীরাঙ্গনা'-র সার্থক রূপ প্রতিফলিত হয়েছে— মন্তব্যটির যাথার্থ্য মূল্যায়ন করো। ১০

৩. 'মানসী' কাব্যগ্রন্থের 'নববঙ্গদম্পতির প্রেমালাপ' কবিতাটি কি নিছকই হাসির উদ্রেক করে, নাকি তা সমকালীন সমাজের নিরিখে অসম-দাম্পত্যের একটি খতিয়ানকে তুলে ধরেছে? ব্যাখ্যা করো। ১০

অথবা

৪. "অন্ধকার রুদ্ধগৃহে একেলা বসিয়া
পড়িতেছি মেঘদূত;"—কবি 'মেঘদূত'-কে কীভাবে পাঠ করেছেন তা বিশ্লেষণ করো। ১০

৫. কবি কামিনী রায়ের কবিতা পাঠের ক্ষেত্রে তাঁকে 'মহিলা কবি' হিসেবে সমালোচনা বা পাঠ করাটা কতখানি যুক্তিসঙ্গত? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও। ১০

অথবা

৬. কবি কামিনী রায়ের কবিতায় "অনির্বচনীয় জিনিসটার অভাব"— কামিনী রায়ের কবিতা অবলম্বনে বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৭. নজরুল সাম্যবাদের কবি— মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

অথবা

৮. 'হে দারিদ্র্য তুমি মোরে করেছ মহান'— এই উক্তির মধ্যে দিয়ে 'দারিদ্র্য' কবিতায় কীভাবে কবির জীবন অনুভূতির পরিচয় পাওয়া যায় লেখো। ১০

**New Syllabus**

# Diamond Harbour Women's University

**M.A. 1st Year 1st Semester Examination 2023**

**Subject: Bengali**

**Paper Code: BEN/CC/4105**

**বাংলা নাটক ও প্রহসন**

**Time: 2 Hours** **Full Marks: 40**

**যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। ক) ইতিহাস- আশ্রিত বিয়োগান্তক নাটক হিসাবে 'কৃষ্ণকুমারী'-র গুরুত্ব আলোচনা করো। ১০

অথবা

খ) 'কৃষ্ণকুমারী' নাটকে মদনিকা চরিত্রের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

২। ক) 'নবান্ন' পঞ্চাশের মন্বন্তরের কালের প্রতিবাদ ও প্রতিরোধের নাটক। - নাট্য কাহিনি অবলম্বনে ব্যাখ্যা করো । ১০

অথবা

খ) 'নবান্ন' নাটকে প্রধান সমাদ্দারের গুরুত্ব আছে কি? তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৩। ক) 'টিনের তলোয়ার' এমন নামের তাৎপর্য কোথায়? যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১০

অথবা

খ) 'টিনের তলোয়ার' নাটকে ময়নার জীবনের করুণ পরিণতির মধ্য দিয়ে নাট্যকার কোন সত্য কাহিনিকে তুলে ধরলেন, নাট্য কাহিনি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

৪। ক) 'চাঁদ বণিকের পালা' কীভাবে শিব ও মনসার মধ্যে দিয়ে আলো ও আঁধারের দ্বন্দ্বকে তুলে ধরেছে সেই বিষয়টি বিশ্লেষণ করো। ১০

অথবা

খ) 'চাঁদ বণিকের পালা'-য় বেহুলা চরিত্রটিকে শম্ভু মিত্র যেভাবে নির্মাণ করেছেন তার তাৎপর্য বুঝিয়ে দাও। ১০